দৈনিক সংবাদ

তারিখ ...09 JUL 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

67

১৩ মাস ধরে বেতন নেই

# তেজগাঁ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ শিক্ষকদের কর্মবিরতি আজ থেকে

(নিজস্ব বার্তা পরিবেশক)

দীর্ঘ ১৩ মাস যাবত জুন '৯৩ হতে বেতন–ভাতা বন্ধ থাকায় তেজগাঁওস্থ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের সর্বমোট ১৮৪ জন শিক্ষক–কর্মকর্তা–কর্মচারী আজ শনিবার হতে তিনদিনব্যাপী কর্মবিরতি শুরু করবেন।

কর্মবিরতির শেষদিনে আগামী সোমবার আন্দোলনের পরবর্তী বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হবে। প্রতিদিন সকাল ১০টা হতে বেলা ১২টা পর্যন্ত কর্মবিরতি চলবে।

বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন কর্মচারী সমিতি, বাংলাদেশ

তেজগাঁ : পৃঃ ৮ কঃ ৬

## তেজগাঁ : কর্মবিরতি

( ১ম পৃষ্ঠার পর )

সরকারি কর্মচারী সমন্বয় পরিষদ গতকাল শুক্রবার পৃথক পৃথক বিবৃতিতে অবিলম্বে এই কলেজের শিক্ষক–কর্মকর্তা–কর্মচারীদের ১৩ মাসের ন্যায্য পাওনা বেতন–ভাতা পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর আহ্বান জানিয়েছে।